সংবাদ

তারিখ 23 SEP 2017
পৃষ্ঠা ৪ কলাম ১

# সন্তানদের বিশ্বমানের যোগ্য করে গড়ে তুলতে প্রয়োজন সৃজনশীল পদ্ধতি : শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, আমাদের সন্তানদের বিশ্বমানের যোগ্য করে গড়ে তুলতে চেষ্টা করছি। এজন্য সৃজনশীল পদ্ধতি প্রয়োজন। তাছাড়া বিশ্ব প্রতিযোগিতায় আমাদের সন্তানরা টিকতে পারবে না।

তিনি বলেন, বাইরের ১৯ হাজার চাকরিজীবী বাংলাদেশে চাকরি করে মোটা অঙ্কের টাকা নিয়ে যাচ্ছেন। ভবিষ্যতে আমাদের ছেলে-মেয়েরাও যেন যোগ্য হয়ে সেসব পোস্টে চাকরি করতে পারে। আমাদের সামনে লক্ষ্য এখন একটাই সেটা হলো শিক্ষার গুণগত মান নিশ্চিত করা।

গতকাল রাজধানীর ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) ডিআরইউ সদস্যদের কৃতী সন্তানদের সংবর্ধনা ও বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। এবার আল আরাফা ইসলামী ব্যাংক লিমিটেডের সহায়তায় ৪০ জন কৃতী শিক্ষার্থী ক্রেস্ট ও বৃত্তি পেয়েছে।

শিক্ষামন্ত্রী আরও বলেন, প্রাথমিক ও মাধ্যমিকে ছেলের চেয়ে মেয়ে শিক্ষার্থীর সংখ্যা বেশি। জাতিসংঘ লক্ষ্য দিয়েছিল ২০১৫ সালের মধ্যে স্কুলে ছেলেমেয়ের সমতা আনা। আমরা সেই লক্ষ্য তিন বছর আগেই পূরণ করেছি। এখন আমাদের স্কুলে প্রাথমিকে ৫১ শতাংশ এবং মাধ্যমিকে ৫৩ শতাংশ মেয়ে শিক্ষার্থী রয়েছে।

ডিআরইউ'র সভাপতি সাখাওয়াত হোসেন বাদশার সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আল আরাফা ইসলামী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক হাবিবুর রহমান, ডিআরইউ'র সাধারণ সম্পাদক মোরসালিন নোমানী, সংগঠনের সিনিয়র সদস্য সাইফুল ইসলাম প্রমুখ।

এ সময় আল আরাফা ইসলামী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক হাবিবুর রহমান তার বক্তব্যে ঘোষণা দেন, এখন থেকে পিইসি, জেএসসি, এসএসসি ও এইচএসসির বৃত্তি নিয়মিত প্রদান করা হবে।